Times Today BD

এম এস রহমান | রাজশাহী | 11 May, 2025

জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা রফিকুল ইসলাম খান বলেছেন, 'যারাই ফ্যাসিবাদের সঙ্গে দস্তি পাকাবেন, বন্ধুত্ব করবেন, যেকোনো কিছুই করবেন না কেন আপনাদেরকেও একই কাতারে দেখবে বাংলাদেশের মানুষ।বাংলাদেশের মানুষ আর কোনো ফ্যাসিবাদী কায়েম হতে দেবে না।আমরা আর কোনো ফ্যাসিস্ট প্রতিষ্ঠিত হতে দেব না'।

রবিবার (১২ মে) বিকেলে জামায়াতের সাবেক আমির মাওলানা মতিউর রহমান নিজামীর শাহাদাত বার্ষিকী উপলক্ষে পাবনার সাঁথিয়া সরকারি ডিগ্রি কলেজ মাঠে আলোচনা সভা ও দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

তিনি আরও বলেন, 'অনেকেই যেনতেন নির্বাচনের মাধ্যমে ক্ষমতায় আসার স্বপ্ন দেখছে। বাংলাদেশে আর কোন ভোট ডাকাতি হবে না।যেন তেন নির্বাচন হতে দেওয়া হবে না।অন্তর্বর্তী সরকার কে জাতীয় নির্বাচনের আগে স্থানীয় নির্বাচন করতে হবে।তার আগে সকল গণহত্যার বিচার করতে হবে।সকল গণহত্যাকারীদের ফাঁসির মঞ্চে ঝোলাতে হবে।যুদ্ধাপরাধের বিচারের নামে যাদেরকে হত্যা করা হয়েছে শহীদ করা হয়েছে এই সকল হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত সকল কর্মকর্তা, স্বাক্ষী, বিচারপতিদের বিচার করতে হবে'।

মতিউর রহমান নিজামীর ছেলে ব্যারিস্টার নাজিবুর রহমান মোমেন এর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য দেন, জেলা জামায়াতের আমির অধ্যাপক আবু তালেব মন্ডল, দেলোয়ার হোসেন সাঈদীর ছেলে শামীম সাঈদী, মাওলানা আব্দুস সোবহানের ছেলে নেসার আহমেদ নান্নু, মুহাম্মদ কামারুজ্জামানের ছেলে হাসান ইমাম ওয়াফি, আলী আহসান মুজাহিদের ছেলে আলী

আহমেদ মাবরুর, আব্দুল কাদের মোল্লার ছেলে হাসান জামিল, মীর কাসেম আলীর ছেলে ব্যারিস্টার মীর আহমেদ বিন কাসেম আরমান, জেলা জামায়াতের নায়েবে আমির অধ্যক্ষ ইকবাল হোসেন, সেক্রেটারি মাওলানা আব্দুর গাফফার খান, কেন্দ্রীয় শূরা সদস্য আব্দুল বাসেত খান, ছাত্রশিবিরের কেন্দ্রীয় প্রচার সম্পাদক আজিজুর রহমান আজাদ প্রমুখ।

জামায়াতে ইসলামী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 11:06

URL: https://www.timestodaybd.com/rajshahi/9211862325